গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www. mos.gov.bd

বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয়ের সুশাসন/শুদ্ধাচার ও সিটিজেন চার্টার অভিযোগ প্রতিকার সংক্রান্ত ২০২২-২৩ সালের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত অংশীজনের সমন্বয়ে কর্মশালার রেকর্ড নোটস্।

প্রধান অতিথি:	: জনাব এস.এম.ফেরদৌস আলম, অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার স্থান	: সম্মেলন কক্ষ, আন্তর্জাতিক প্যাসেঞ্জপার টার্মিনাল (২য় তলা)।
সভার তারিখ	: ০৮-১২-২০২২ খ্রি. ।
সময়	: সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট 'ক' এবং 'খ'।

নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহের শুদ্ধাচার/সুশাসন ও সিটিজেন চার্টার শীর্ষক কর্মশালাটি বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন বেনাপোল স্থলবন্দরের আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনাল এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় দপ্তর/সংস্থাসমূহের যথা: চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, এনএমআই, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ও জাতীয় নদী রক্ষা কমিশনের ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জুমে মাধ্যমে এবং বেনাপোল স্থলবন্দরের অংশীজন সরাসরি অংশগ্রহণ করেন। বেনাপোল স্থলবন্দরের পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান কর্মশালা পরিচালনায় সার্বিক সহায়তা করেন।

কর্মশালার প্রারম্ভে নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) জনাব এস.এম.ফেরদৌস আলম উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে আজকের প্রতিপাদ্য 'শুদ্ধাচার/সুশাসন ও সিটিজেন চার্টার' বিষয়ে সূচনা বক্তব্য রাখেন ও কর্মশালার উদ্বোধন করেন। অতঃপর নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ গোলাম রাব্বী, পিএএ পাওয়ার পয়েন্ট মাধ্যমে আয়োজিত বিষয় উপস্থাপন করেন। তিনি সুশাসন/শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সিটিজেন চার্টার বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। এ পর্যায়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) জনাব এস.এম.ফেরদৌস আলম সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা এবং সিটিজেন চার্টার অনুসরণের বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর সভায় মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। এতে বন্দর ব্যবহারকারীদের পক্ষে সিএন্ডএফ এসোসিয়েশন এর ভাইস চেয়ারম্যান বন্দরের সামগ্রিক সেবায় সন্তোষ প্রকাশ করে ভারতগামী যাত্রী এবং ট্রাফিক ব্যবস্থাপনার বিভিন্ন সমস্যা তুলে ধরেন। প্রধান অতিথি কর্তৃক এসকল বিষয় পর্যালোচনাপূর্বক সমাধানের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গোচরীভূত করার আশ্বাস প্রদান করা হয়। এছাড়া বেনাপোল স্থল বন্দরের নাগরিক সেবা এবং চলমান উন্নয়ন কার্যক্রম সরজমিনে পরিদর্শন করা হয়। এসময় নাগরিক সেবার মান বৃদ্ধি এবং স্থল বন্দরের উন্নয়ন কার্যক্রম বিষয়ে সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা হয়। পরিশেষে বেনাপোল স্থলবন্দরের পরিচালক (ট্রাফিক) জনাব মো: মনিরুজ্জামান, 'শুদ্ধাচার ও সিটিজেন চার্টার' কর্মপরিকল্পনার বাস্তবায়নে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনাপূর্বক সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

এস.এম. ফেরদৌস আলম
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়

স্বাক্ষরিত
০৮/১২/২০২২
এস.এম. ফেরদৌস আলম
অতিরিক্ত সচিব (সংস্থা-১)

নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা

স্মারক নং- ১৮.০০.০০০০.০৩৬.০১৬.০০২.২১- ৯৬০

তারিখঃ-১৮ ডিসেম্বর ২০২২

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন : ৫৫১০১০৪৪
মেইল:ds.gg.@mos.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। চেয়ারম্যান, বাস্থবক/বিআইডব্লিউটিসি/মবক/চবক/পাবক/বিআইডব্লিউটিএ/জানরক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী ,চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট এবং পাবনা ।
৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

দৃ.আ. (সকল দপ্তর /সংস্থার শুদ্ধাচার ও সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা